দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 11 MAR 1989
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫

50

## চাখারে মাধ্যমিক পরীক্ষাকেন্দ্র বহাল রাখার আবেদন

সাবেক মন্ত্রী এ, কে, ফায়েজুল হক গতকাল (শুক্রবার) এক বিবৃতিতে শেরে বাংলার জন্মভূমি চাখারে মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র বহাল রাখার আবেদন জানাইয়াছেন। তিনি বলেন, বৃটিশ আমল হইতে এখানে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠিত হইতেছে। চাখারে একটি সরকারী ডিগ্রী কলেজ, উচ্চ বালিকা বিদ্যালয় উচ্চ বালক বিদ্যালয় ও সরকারী অন্যান্য অফিস রহিয়াছে। এই কেন্দ্রে প্রায় ৩০০০ ছাত্র-ছাত্রীর আসন ব্যবস্থা ও সুষ্ঠু পরিবেশ বিদ্যমান। ডিগ্রী কলেজের অধ্যাপকবৃন্দ পরীক্ষা কেন্দ্র পরিচালনায় প্রত্যক্ষভাবে সহযোগিতা করিয়া আসিতেছেন। চাখারে একটি পুলিশ ফোর্স আউট পোষ্ট আছে। গোপনীয় কাগজপত্র রাখার জন্য সোনালী ব্যাংকের সহায়তা আছে। ১৯৮৮ সনে বোর্ড কর্তৃপক্ষ বরিশালের জেলা প্রশাসক ও বানারীপাড়ার উপজেলা নির্বাহী অফিসারের সুপারিশক্রমে ক্যাডেট কলেজসমূহের ন্যায় চাখার মাধ্যমিক পরীক্ষা কেন্দ্রটিও বহাল রাখিয়াছিলেন।